

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ ফাল্গুন ১৪২৬/১৬ ফেব্রুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৮১—গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট ফাইনালে গতবারের চ্যাম্পিয়ন ভারতকে তিন উইকেটে পরাভূত করে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ জাতীয় ক্রিকেট দল প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে এই ধারাবাহিকতায় আগামীতেও কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ২৭ মাঘ ১৪২৬/১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(২২৮৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৭ মাঘ ১৪২৬
ঢাকা : ১০ ফেব্রুয়ারি ২০২০

গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট ফাইনালে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ জাতীয় ক্রিকেট দল প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। উল্লেখ্য, বাংলাদেশ ক্রিকেট দল টুর্নামেন্টের গ্রুপ-পর্বে জিম্বাবুয়ে ও স্কটল্যান্ডকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর স্বাগতিক দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১০৪ রানের বিশাল ব্যবধানে জয়ী হওয়ার পর বাংলাদেশ দল সেমিফাইনালে শক্তিশালী নিউজিল্যান্ডকে ছয় উইকেটে পরাজিত করে প্রথমবারের মতো বিশ্বকাপ ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত ফাইনাল খেলায় গতবারের চ্যাম্পিয়ন ভারতকে তিন উইকেটে পরাভূত করে বিশ্ব-চ্যাম্পিয়ন হয়ে স্বর্ণোজ্জ্বল ইতিহাস গড়লো বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ জাতীয় ক্রিকেট দল।

আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ টুর্নামেন্টের সকল পর্বে বাংলাদেশ ক্রিকেট দল অসাধারণ নৈপুণ্য ও ক্রীড়াশৈলী প্রদর্শন করে বিজয়ের মাধ্যমে একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের সুপ্রতিষ্ঠিত করেছে। এ বিজয় বাংলাদেশকে অধিষ্ঠিত করেছে এক গৌরবময় অবস্থানে। মুজিববর্ষের সূচনালগ্নে এ দেশের নতুন প্রজন্মের বিশ্বকাপ জয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে এক অনন্য সংযোজন—এক অসাধারণ অর্জন।

মন্ত্রিসভা মনে করে যে, এ অর্জন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের ক্রীড়া-উন্নয়নে গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। মন্ত্রিসভা আশা করে যে, প্রথমবারের মতো আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেটের শিরোপা অর্জন বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলকে আরও আত্মপ্রত্যয়ী ও উদ্দীপ্ত করে তুলবে এবং ভবিষ্যতে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট দল একই ধারাবাহিকতায় আগামীতেও কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে মন্ত্রিসভা দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd